যুগান্তর

DEC. 03 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ... ...

# ইবি'র ৮ শতাধিক শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নভেম্বর মাসের বেতন পাননি

**মাহমুদুল করিম চঞ্চল**, *ইবি থেকে ফিরে*

দীর্ঘ এক মাস উপাচার্যশূন্য ইসলামী বিশ্ববিদ্যালয়। উপাচার্য, ট্রেজারার, প্রক্টরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদ খালি থাকায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয়ের আট শতাধিক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী তাদের নভেম্বর মাসের বেতন ও ঈদ বোনাস পাননি।

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য, ট্রেজারার, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, হিসাব পরিচালক, পরিবহন কর্মকর্তাসহ গুরুত্বপূর্ণ পদগুলো শূন্য হয়ে যাওয়ায় প্রশাসনিক কাজকর্ম প্রচণ্ড বাধাগ্রস্ত হচ্ছে। এক মাস অতিবাহিত হলেও ইসলামী বিশ্ববিদ্যালয়ে এখনও নতুন উপাচার্য নিয়োগ দেয়া হয়নি। বিশ্ববিদ্যালয়ের ২৩৯ শিক্ষক, ১০৫ কর্মকর্তা ও ৫২৭ জন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী তাদের নভেম্বর মাসের বেতন ও আসন্ন ঈদুল ফিতরের উৎসব ভাতা এখনও পাননি। কর্মচারীদের একটি গ্রুপ সূত্রে জানা গেছে, তারা বেতন ও বোনাসের দাবিতে দু-একদিনের মধ্যে আন্দোলনের কর্মসূচি ঘোষণা করতে পারে।